19th Year, 2nd Issue
June 2022
Birthday Issue
১৯ তম বর্ষ, ২য় সংখ্যা
জুন ২০২২
জন্মদিন সংখ্যা

Suggested contribution : Rs. 10/-

স্বকণ্ঠে
in our own voice

A
Sappho Publication
একটি
'স্যাফো' প্রকাশনা

প্রস্তাবিত অনুদান : ১০ টাকা

for the rights of sexually marginalised women & transmen

আমাদের কথা

"আমার কিছু কথা ছিল
তোমায় বলার, কেবল তোমায়;
যেই না আমি ঠোঁট নেড়েছি
সেই কথাটা তলিয়ে গেল
এই সময়ের শব্দ তলায়...।"

মৌসুমী ভৌমিক এর গলায় গাওয়া এই গানের লাইনটা ধার নিলাম নিজেদের কথা শুরু করার জন্য। অনেক অনেক কথা সারা বছর ধরে জমে থাকে। নানা মানুষের আনাগোনা, কথা বার্তা, এতো কিছু মনের মধ্যে চলতে থাকে যে মনের কথা পেন অবধি পৌঁছায় না। একেবারে এই গানের লাইনের মতো। স্যাফোর সমাজ কর্মী ও যুক্ত থাকা কমিউনিটির মানুষদের অভিজ্ঞতা থেকে আজ এই সম্পাদকীয় শুরু করছি। আমরা এই অভিজ্ঞতাগুলো থেকে কিছু দর্শন খুঁজে পাই, যার দ্বারা আমাদের বিচ্ছিন্ন জীবনে এক স্পন্দন অনুভব করি এবং এই হিংসা থেকে নিস্তার পাওয়ার আশা রাখি। এই সংখ্যার সম্পাদকীয়টা নতুন সুরে শুরু করছি যা আমাদের এই সম্মিলিত অভিজ্ঞতাকে তুলে ধরবে।

গতবছর ১১ই সেপ্টেম্বর ২০২১-এ স্যাফোর কর্মী ও সদস্যরা মিলে আপৎকালীন তৎপরতায়, অস্থায়ী আবাসনের ব্যবস্থা করি শুধু বিপদে পড়া ও ঘরছাড়া লেসবিয়ান, বাইসেক্সুয়াল মহিলা ও রূপান্তরকামী পুরুষের (LBT) জন্য। আমাদের একটি সক্রিয় crisis intervention team (LBT) তৈরী করতে হয় এই চেন্ট এর মতো আসতে থাকা crisis কে সামাল দেওয়ার জন্য। এই team এর মূল কাজ হলো — হেল্পলাইন থেকে crisis call attend করা, peer support দেওয়া, crisis এ থাকা মানুষগুলোর সাথে সরাসরি কথা বলা ও তাদের সমস্যা বুঝে উপযুক্ত ব্যবস্থা করা, counselor এর সাথে যোগাযোগ করিয়ে দেওয়া, কিছু মাসের জন্য অস্থায়ী আবাসনে থাকার ব্যবস্থা করে দেওয়া। Pandemic চলাকালীন এই তিন বছরে স্যাফোর counseling service এর পরিসংখ্যান এখন বছরে গড়ে ৮০০, যা pandemic এর আগে ছিল বছরে গড়ে ২৫০।

জন্মের সময় মহিলা চিহ্নিত মানুষদের উপর বিয়ের চাপ ও তার থেকে তার মৌলিক অধিকার কেড়ে নেওয়া এক নিত্য নৈমিত্তিক ঘটনা। বাড়িতে ঘটে চলা হিংসা — corrective rape, যৌন হিংসা, ঘরে বন্দী করে রাখা নিয়ে কথা বলার কোনো জায়গা থাকেনা। বাড়ির লোকেরা তাদের পছন্দ মতো psychiatrist এর কাছে নিয়ে যান যিনি সমকামিতা সারানোর জন্য থেরাপি করেন। ১৯৭৩ সালে মার্কিন সাইক্রিয়াটিক এসোসিয়েশন সমকামিতা কে রোগের তালিকা থেকে বার করে দেওয়ার পরেও এই ধরণের চিকিৎসা চলছে আজও।

বেশীরভাগ crisis call আসে বাড়ি থেকে জোর করে বিয়ে দেওয়া নিয়ে। অনেকেই পালিয়ে আসতে পেরেছেন। অনেকের কাছে আমরা পৌঁছতে পারিনি। অনেকের কাছে সুদূরের বন্ধুরা গেছেন সাহায্য করতে। Pandemic এর সময় আমরা গার্হস্থ্য হিংসা, যা মূলত নিজের রক্তের সম্পর্কের মানুষেরা করে থাকেন তা কত রকমের হতে পারে, তার একটা আঁচ পেলাম। এই হিংসার জন্য প্রচুর কমিউনিটির মানুষ ঘর ছাড়া হন। ১৮ থেকে ২৫ বছরের LBT মানুষরা আমাদের কাছে গৃহ হিংসা নিয়ে অভিযোগ করেন। এই বয়েসী কুইয়ার মানুষরা অর্থনৈতিক ভাবে সবচেয়ে দুর্বল। অনেকেই মাঝ পথে পড়াশুনো ছেড়ে চাকরির আশায় বাড়ি থেকে বেরিয়ে পড়েন। অনেক সময় কুইয়ার বা ট্রান্স মানুষটির আইডেন্টিটি বাড়িতে জেনে যাওয়ার পর তার উপর নজরদারি বৃদ্ধি পায় — কেড়ে নেওয়া হয় ফোন ও জমানো টাকা পয়সা, এটিএম কার্ড, আইনি নথিপত্র। এর পর তার চাকরি পাওয়া বা সামান্যতম অর্থ উপার্জন করাও বন্ধ হয়ে যায়। অনেক ক্ষেত্রে সাংগঠনিক ভাবে পুলিশ নিয়ে গিয়েও বাড়ির থেকে নথিপত্র উদ্ধার করা সম্ভব হয়না। প্রশাসন অনেক ক্ষেত্রেই বাড়ির লোকেদেরকেই সমর্থন করেন। তারা পারিবারিক পিতৃতান্ত্রিক আদর্শকেই রক্ষা করতে তৎপর হন।

বাড়ি ছাড়ার সঙ্গে সঙ্গে চলে আসে বেঁচে থাকা ও টিকে থাকার জন্য মৌলিক সম্পদের অভাব — যেমন থাকার জায়গা, পরিশুদ্ধ খাবার জল, রেশন, সুরক্ষা, ইত্যাদি। কুইয়ার ও ট্রান্স মানুষের জীবনের ইতিহাসে বাড়ি ছাড়ার সাথে সাথে আসে মাইগ্রেশন। অনেক ছোট বয়েস থেকে রোজগার শুরু করতে হয়। আমাদের দেশে বিপুল শিশু ও মহিলা শ্রমিকের মধ্যে কুইয়ার ও ট্রান্স মানুষরাও রয়েছেন।

বর্তমান রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতিতে আমরা যত বেশী দৃশ্যমান হয়ে উঠছি, অত্যাচার ও বৈষম্য যেন তত বেশী দানা বাধছে। বিগত ২৫ বছরের বিভিন্ন সংগঠন ও কালেকটিভ্ এর অধিকার আন্দোলন কুইয়ার ও ট্রান্স কমুইনিটির মানুষকে অনেকটা দৃশ্যমান করেছে। কিন্তু সেই দৃশ্যমানতা সামাজিক ও আইনি স্বীকৃতিতে রূপান্তরিত হয়নি। সুপ্রিম কোর্ট এর ২০১৮ সালের রায়ে বিপরীতকামী সম্পর্কের বাইরে সমকামী ও রূপান্তরকামী মানুষদের যৌন সম্পর্ক কে অপরাধের তালিকা থেকে মুক্ত করা ও ২০১৯ এর Transgender Persons (Protection of Rights) Act কুইয়ার ও ট্রান্স মানুষদের অধিকারের লড়াই এ একটি মাইলস্টোন হলেও তা রোজকার হিংসা ও বৈষম্য দমন করতে সক্ষম হয়নি। ট্রান্সজেন্ডার ডেভেলপমেন্ট বোর্ড তৈরী হয়েছে বিভিন্ন রাজ্যে, ট্রান্সজেন্ডার মানুষদের জন্য সরকারি হোম তৈরী হয়েছ, কিন্তু তাতে ট্রান্সজেন্ডার মানুষদের বেঁচে থাকার মান বেড়েছে কি?

পারিবারিক ও সামাজিক স্তরে যে চূড়ান্ত হিংসা ঘটে তা জীবনকে এক অনিশ্চয়তার মুখে ঠেলে দেয়। যে অনিশ্চয়তা আর্থিক এবং সামাজিক বৈষম্য কে আরও জোরদার করে। কুইয়ার ও ট্রান্স মানুষদের ওপর ঘটে চলা যৌন হিংসা, গৃহহিংসা, কর্মস্থলে হিংসার প্রতিকারের জন্য আইনি পদক্ষেপ নিতে অসুবিধে হয়। সমান নাগরিকত্বের জন্য কোন Civil ও Political Rights এর প্রতিশ্রুতি নেই রাষ্ট্রের কাছ থেকে। বিয়ে বা সিভিল পার্টনারশিপ এর অধিকার, সম্পত্তির উত্তরাধিকার, বাচ্চা দত্তক নেওয়ার অধিকার, বন্ধু ও পার্টনার সহ পরিবার বানানোর যে আইনি অধিকার অন্যান্য দেশ এ আছে, তার ধার কাছ দিয়ে আমাদের দেশ যায়না। ইতিমধ্যেই গত দু বছরে দিল্লী হাই কোর্ট ও সুপ্রিম কোর্ট এ same sex marriage নিয়ে পিটিশন জমা পড়ে, যা কমিউনিটির মধ্যে কিছু বিতর্ক ও বাক্যালাপ সৃষ্টি করাতেই সীমাবদ্ধ ছিল। সমপ্রেম বিবাহ স্বীকৃতি পাওয়া যেরকম একটি দাবী, সেরকম বিবাহ নামক প্রতিষ্ঠানটির বাইরেও যে যাপন, পরিবার তৈরি করা, সমষ্টিগত ভাবে জীবনকে দেখা তার কিছু আইনি স্বীকৃতির প্রয়োজন আছে বইকি।

ভারত সরকার ইউনিফর্ম সিভিল কোড (Uniform Civil Code– UCC) নিয়ে মাঝেমধ্যেই কিছু নোটিস ও বার্তা আমাদের সামনে রাখছে। UCC বিয়ে, বিবাহ বিচ্ছেদ, সম্পত্তি, দত্তক নেওয়া, অভিভাবকত্বের বিষয়ে আইনি আলোচনা, যা ভারতবর্ষের বিভিন্ন ধর্মের মানুষকে একটি ধর্মনিরপেক্ষ ও সাংবিধানিক আইনে বাঁধার চেষ্টা করে। বিভিন্ন কমিউইনিটির মহিলাদের অংশগ্রহন ও বিচার ছাড়া এমন আইন প্রনয়ণ কি সম্ভব ? ১৯৮০ র সময় থেকে নারীবাদী আন্দোলন আমাদের বুঝতে সাহায্য করে যে ভারতবর্ষের মত দেশে UCC লাগু করা সহজ নয়। কারন সংখ্যাগুরু এবং সংখ্যালঘু মৌলবাদ এমন এক পিতৃতান্ত্রিক কাঠামোয় মেয়েদের আটকে রেখেছে, যেখানে পরিবার ও ধর্মীয় বা জাতিভিত্তিক সম্প্রদায় এর সম্মান নির্ভর করে মেয়েদের যৌনতা, শরীর, সম্পর্ক কে নিয়ন্ত্রন করে। এই প্রেক্ষাপটে কুইয়ার ও ট্রান্স মানুষদের একটি ভূমিকা আছে।

নারীবাদী আন্দোলন "gender just laws" এর যে দৃষ্টিকোণ তৈরি করেছে তা uniformity বা অভিন্নতা কে মূল লক্ষ্য না করে, লিঙ্গ ভিত্তিক ন্যায়বিচার কে মূল লক্ষ্য করেছে। সেখানে পিতৃতান্ত্রিক পরিবার কাঠামো, ধর্ম, জাতি ও লিঙ্গ ভিত্তিক নিয়ন্ত্রণ কে প্রতিহত করার লড়াই কে সামনে রাখা হয়। কুইয়ার ও ট্রান্স মানুষদের জীবন যাপন যেহেতু পিতৃতান্ত্রিক পরিবার ও সমাজের বহির্ভূত, যেহেতু এই কমিউনিটির মানুষরা cis-hetero-casteist-patriarchal family বাইরে বিভিন্ন সমষ্টিগত ব্যবস্থায় জীবন যাপনের প্রয়াস রাখে, তাই এই চর্চায় আমাদের যোগদান অত্যন্ত জরুরী। এই বিষয়ে কুইয়ার ও ট্রান্স কমুইনিটির মানষদের মধ্যে যোগাযোগ ও মতামত আদান প্রদানের জন্য স্যাফো ফর ইকুয়ালিটি জুন মাসের শেষে জাতীয় স্তরে এ একটি আলোচনার আয়োজন করছে। এই আলোচনার ফলস্বরূপ বিভিন্ন নারীবাদী, মানবাধিকার, LGBTIQ rights নিয়ে কাজ করছে এমন সংগঠনের সাথে আমরা কিছু ক্যাম্পেন তৈরি করার চেষ্টা করছি।

সবশেষে সুপ্রীম কোর্টের যৌন কাজকে আইনি স্বীকৃতি দেওয়াকে আমরা স্বাগত জানাচ্ছি। দীর্ঘদিনের যৌন কর্মীদের অধিকারের আন্দোলন, সমান নাগরিকত্বের দাবী, যৌন পেশাতে স্বেচ্ছায় থাকার আইনি স্বীকৃতি এনে দিয়েছে।

আশা করি আমাদের এই জন্মদিনের সংখ্যা আপনার জন্য কিছু নতুন তথ্য এনে দেবে ও কিছু নতুন প্রশ্ন তৈরি করবে।

Family Laws: Historical Debates and New Questions

Chayanika Shah

In the last few years and especially in the past few months we have been told that this government is keen on bringing a Uniform Civil Code (UCC). There is an effort in some quarters to show this as a move opposed only by the biggest minority community in the country. The majoritarian proponents of UCC today also claim to do it so that "women from the minority community get equal rights" since these are apparently "denied to them by their conservative community". How true are these claims, no one has an idea because there has never been a draft of the UCC in the public domain.

What we know thus far is that the UCC will make laws related to the broad fields of marriage, divorce, succession, adoption and guardianship, the same for **all** people. As queer trans people we have just started asserting our rights as citizens and realised that in many of these areas, the law does not include us. Plus the debate on gender justice in this context is very old and thus important to connect with lives outside the hetero-normative fold. Here we need to go back in history to understand the discussions around UCC so that we can add our concerns and voices as we evaluate the proposed UCC if and when it comes.

Why do we have religion based laws governing family?

As people and regions are imagined as a nation some sort of common codes for civil, and criminal matters are thought of. In the case of the subcontinent, this process came as a colonial project that was trying to consolidate economic and political power over a huge land inhabited by many varied communities with their own sets of beliefs and practices. The colonial powers built in all their colonies a legal structure similar to what existed in their countries. Hence we see the presence of something like criminalising of 'unnatural sex' in all the codes under the British empire (Section 377 in most countries).

In matters of personal lives, however, for different reasons they decided to bring together diverse communities under religion based personal laws and leave some space for customary practices. They could have done it to divide the population so that their control became stronger, or because the negotiating local aristocracy wanted it that way, or just because they could not really make sense of the practices there is evidence for each of these arguments. Since they came from Christian communities one of the first laws they made were applicable to the Christians, the Christian marriage act and the Indian succession act. These were made in the latter half of the 19th century modelled in accordance with the British law of that time.

At around the same time they did intervene in the practices of the other communities by making laws that put a ban on sati and allowed remarriage of Hindu widows. It was the 1930s, however, when a serious attempt was made to bring all practices related to marriage, divorce, inheritance, succession, maintenance, adoption and guardianship under religion specific laws. Thus was made the "The Muslim Personal Law (Shariat) Application Act, 1937" and the subsequent Muslim Marriage Dissolution Act of 1939; "The Parsi Marriage and Divorce Act 1936".

Alongside various attempts were made to club all others under a Hindu code bill, an exercise that met a lot of resistance from the powerfully dominant communities, invested in protecting caste patriarchies and joint property interests. Before independence the only law that was actually made in this context was the "Hindu Women's Right to Property Act 1937" which gave widows a share in their husband's property.

Why did independent India keep these religion based laws?

India chose to be a secular democracy and not the Hindu state that some Hindu majoritarian factions wanted. As the Constitution was being drafted, this choice clearly emphasised equal rights for **all its citizens**. Alongside was a commitment to a secularism which believed in respect for the diverse ways in which people practised their faith. At such a time when the horrors of the partition were still very fresh, there was a real anxiety around equal citizenship rights amongst the religious minority communities. In such an atmosphere, when the UCC was discussed, most people felt that religion based laws had to be retained so that the minority communities felt secure.

In the directive principles, however, there was a mention made that a common set of laws is desirable and so the State should work towards it at some point in future. No clear time period was mentioned but the discussions definitely indicate that when the minority communities feel more confidence in the Indian state and its commitment to equality, this can be actualised. It is a travesty that in the last 75 years when this confidence is at its lowest that we are hearing this one sided call to bring in the UCC by certain groups that have political power today.

It is also important to note that the Hindu code bill discussion was simultaneously revived so that a secular common code, a uniform law could be applicable to the majority population of the country. This effort at bringing people from diverse religions like Jainism, Buddhism, Sikhism, Hinduism, the multiple faiths and religions of the adivasi communities, and also the variations in practices esp amongst Hindus across regions met with a very strong opposition from the dominant caste men of the Hindu communities. Dr Ambedkar resigned as the law minister over this rejection of the Hindu Code Bill. Finally four separate laws were passed compromising some of the secular provisions and bringing in Hindu practices especially in matters related to joint family property.

The opposition to the Hindu code bill

The objections were mainly to the fact that a Hindu was being defined irrespective of their caste locations thus openly and clearly allowing for inter-caste marriages under the law. Equally loud and vehement was the opposition to divorce since for many of the mainstream communities marriage was a sacrament. Besides this, the fact that women were being given equal rights to inheritance from parental, acquired and ancestral property went against the idea of a joint family holding resources especially land together. In Hindu religious understanding and practice daughters are gifted via *kanyadaan* to the other family. How could she then stake claim to ancestral property especially since there is also a wide spread practice of patrilocality.

Keeping this in mind what India finally managed to pass was a watered down version of the proposed Hindu code bill. Hindu undivided family working primarily through patrilineal definitions of the family was upheld and women were not given co-parcenary rights. This essentially meant that they were not seen as equal members of the larger undivided family even if they got equal rights within the nuclear family and the self acquired property of their parents. Another important aspect is that while bigamy was removed for Hindu men, a complaint could only be filed by the aggrieved person. Whether aggrieved or not, many women did not file and so the number of bigamous marriages stays high within those considered "Hindu" by law.

The battle over the Hindu code bill was clearly because the suggested legal reform was attempting to break the casteist and gendered social structure of marriage. So finally any change in the law for gender equality is managed through mediated paths that retain the commonly held understanding of marriage and family. There is an incipient patriarchy that imagines women as unequal and lower to men and hence not entitled to economic

independence. Most religions differ in who they think is the family. This gets transcribed through the adoption, succession and inheritance laws.

One last point to note here is that those asking for a UCC in the present times were historically the ones that opposed the introduction of gender equality in the Hindu laws! After the 1950s and the passing of the Hindu laws the discussion on the UCC or on any family laws did not get focussed on till the 80s.

The decade of the 80s sees religious personal laws in focus

In the 80s there were two strands that brought back the focus on family laws. One is the women's movements of the late 70s and the groups and organisations of that period that brought in a feminist analysis to marriage, family, gender equality. These groups were trying to articulate concepts of gender justice in every arena of women's lives from the very personal to the public and were also asserting right to a violence and discrimination free life for all women. As they started organising around domestic violence they discovered that there was no real gender equality in any of the religious laws. Thus they and individual women who challenged some of the provisions in the courts brought up the issue of religious personal laws.

They found that the conservative voices within the Muslim community were as averse to listening to demands of gender equality from within the community as the Hindus were in case of the Hindu code bill. The Christian and Parsi women have been struggling as much as the Muslim women asking for reform in their personal laws but there too reforms have been consistently stalled. It appears that opposition to gender equality and gender justice is common to all conservative forces. The only other time that these forces have joined hands (and it is important to remember this here) was how each of them challenged the Naz judgement of the Delhi High court in the Supreme Court. They were united and stay so in their opposition to more just demands for gender justice and sexuality rights.

These conservative elements from within both the Hindu and Muslim communities got triggered by the Shah Bano judgement. Muslim men mobilised against the rights of Muslim women. Hindu fundamentalist groups that started their quest for political power around this time used this churning to raise the demand of the UCC. It is pertinent to note that in the same breath they opposed Mandal Commission recommendations (showing their casteist character) and started the campaigns around the Ram mandir (attacking the secular imagination of the nation).

In their campaign now the UCC stood for one law for the nation. Till date they have never put before the nation any draft of what this UCC will be like but continuously attack the presence of Muslim personal law as per the Shariat as the solitary outlier in this dream. In their articulation it seems like everyone else is governed by a common law. They never allude to the presence of the other religious personal laws and special provisions that many customary practices and even the Hindu communities have in the present system.

Response of the women's movements

Women's movements have understood their campaigns and feminisms as intersectional and so see fighting for gender justice as equally important as the fight against religion, caste, race based discrimination and violence. They have been vocal against communalisation of society and have resisted any attempts at homogenising a diverse society. They recognise that fight for gender justice especially for the marginalised communities cannot be fought outside of the community alone. So a large section of the women's movements took a stand that it was best that reform and change in personal law happen from within the communities themselves.

These women's groups used the language of gender justice and did not ask for uniformity of community practices. Marriage, family and intimacies mean different things for different people and retaining that variation is important to any articulation around gender justice. At the same time it is important for communities to move practices in accordance with the times and in keeping with notions of justice and equality that the Constitution provides to all its citizens. Using these dual approaches, over the last few decades there are many voices that centre experiences of women within the Muslim, Christian, Parsi communities and the tribal populations. They are looking for protection of their individual and community rights, and are using court cases and negotiations with the religious and community leaders to make this happen.

Gender Just Laws

However, there have been very few collective attempts to think of what could concepts of gender justice look like. Ideas which could question the idea of family and marriage itself as a patriarchal, patrilineal and patrilocal structure that reinforces primacy of blood and marriage in human relationships. A group in Delhi suggested an optional civil code for those who wanted to opt out of their religious personal laws. They did not give a draft of this law but acknowledged that there could be secular imaginations of family and relationships that were independent of all religions.

A unique effort was made by the Forum against Oppression of Women in Bombay from the 1990s to try and get discussions within the feminist movements to arrive at agreements and disagreements on what was understood as justice. In the drafts that they put out in 1990 and later in 1995, they suggested some drastic changes in the understanding of marriage and family, like, seeing marriage as a contract for companionship and not for perpetuating lineages that maintain caste and religion purity. This also meant it can be a bond between any two individuals irrespective of gender, caste, religion. Further they saw it as a mutual contract unlike the majoritarian understanding of marriage as a sacrament and thus suggested dignified and responsible ways to exit the contract. The draft worked with the understanding that affection cannot be demanded but responsibilities that come with the contract, especially the economic and material benefits have to be ascertained especially for those that are dependant, and those that are contributing to the well being through unpaid non-monetised labour.

Another important contribution that thinking like this made was around the need for social security. While this has been a discussion that we hear in many other contexts, bringing it in this domain helps to make the connections between the importance of this family structure to the maintenance of the present economic and labour system. For people to walk out of violent homes, it is important that there are systems of social security available for all individuals.

One of the things that the discussions around the draft shared by FAOW have initiated is around what would be fair economic justice especially in the present realities within which most of us live. Balancing the idea of a just system in a highly unjust milieu is a difficult task and we need much more discussion on how to do this. The voices of those that are not part of the normative understanding of marriage and family, realities of people the law does not include, whose rights get compromised because their experiences are not even considered, need to be at the centre of our discussions. These could be single women, couples living together, friends making familial intimacies, people getting out of violent natal homes, hijra households and families, queer and trans people, communities with shared resources, all and any that break the norms.

Queer Trans voices have to be central to this debate

As people who do not even have a chance to make families of choice within a legally and socially acceptable framework and who also often have very complex relationships with the families that they are born in/grow up in/adopted in, lived realities of queer trans people have to be critical to this conversation. If we want to explore the full rainbow and spectrum of the ways in which we live

our lives and not be pushed into just accepting the model of marriage since it exists, we need to speak more often and add to these debates.

Many of us have lived for years in ways that a simple legal understanding of marriage cannot encompass. We have not been legally and socially allowed to make families of our choice. Our relationships with those that we are connected through blood, the families that we are assigned to, is often complex primarily because we refuse to perpetuate the structures that this blood and sex related family is supposed to sustain. At times we have been cared by those with whom we may not be connected through blood or sexual relationship. These are our intimates and our newer families. How do we preserve this diversity?

As those living in the margins how do we not get further marginalised because marriage and a family made through it occupies such a centre stage in every one's imagination? How do we make sure that the rights of those not in the traditional institutions are also protected, that their choices are not discriminated against. Law is often a means of perpetuating the normative. We need a clear assessment of where do we really need the law and where has law actually prohibited us from living the ways in which we want to live?

These are discussions that are crucial to re-imagine the frame of law for everybody. What we get through law is one part of this effort. The legal campaigns are useless without a social discussion and recognition. The more we speak about our realities and imaginations of our lives, the more it helps us see hitherto unseen possibilities and also opens up newer ways of being for many others. We are building on the struggles of many, from the Ambedkarite, Satyashodhak, Self Respect, Feminist, Marxist movements, who have challenged the many normative understandings of marriage and family. But without us, the complete outliers contributing from our lived experiences, this debate will remain incomplete and fall short in its imagination of the complete transformation of the family, an institution at the core of the edifice of human society.

■ Chayanika Shah is a queer feminist activist, researcher, educator and member of Forum against Oppression of Women (FAOW)

to whomsoever it may concern

Rukmini

to whomsoever it may concern
i must grieve a journey that is unsure in its steering.
Distance is two red crosses across a paper map,
a trail of prospective memories filling up the inbetween;
Distance is the lonely unwinding of the day,
Slipping into slumber - resisting rest that is absent of her.
i am pathetic in company,
fidgeting with loose thread hanging off my blouse
Tapping at surfaces impatiently
Eyes never quite on anything, never quite leaving anything,
and yet here i am
unable to digest what i always crave.
Distance is a reminder of our unsure steering. Alone. Together. But alone.

Long
Distance.
what tape measures the length of our first encounter to our next farewell?
distance is a length that is already far too stretched,
a cloth that overestimated the capacity of my body
so now i'm drowning in excess;
All distance from her is long, so what tape measures the wear for this fix i'm in?

missing , missing , missing:
is it a euphemism for wanting,
for needing; for loving?
I sing myself lullabies of her laughter,
the way it is never restrained or unsure of joy,
she lets it be known that her heart sits in her to feel, so i must tell her that i feel her absence now
and it feels heavy.

to whomsoever it may concern
what is the address to send grievances of whole hearts that need holding?

■ Rukmini - lovingly called Rai - is a Program Associate at Sappho for Equality & they love cats more than anything in this world!

New Life for Me

মনামি

"I was not just going to walk– I was going to run. And then– once I stopped running– I was going to dance." – *Robert Battle*

নাচের সাথে আমার সম্পর্ক খানিক এইরকম। ভারতীয় শাস্ত্রীয় নৃত্যও সঙ্গীতের সাথে পরিচয় ছোটবেলা থেকেই শুরু। রবার্টের কথা ধরলে সেই আড়াই বছর বয়স থেকে হাঁটা শুরু যা এখন নাচে পরিণত হয়েছে। সময়ের সাথে ক্রমে বুঝতে শিখেছি এই শিল্পকলার জটিলতা, সরলতা। যেন একে অপরের সাথে বেড়ে ওঠা।

নাচ শুধুই শরীরের নিরলস প্রচেষ্টা নয়, এর সাথে যোগ আছে ব্যক্তি মানুষেরও। আমার নাচের ভাষা ওড়িশি নৃত্য, যা ভারতের পূর্বরাজ্য উড়িষ্যাতে সৃষ্টি। শাস্ত্রীয় তকমা একটু দেরিতে পেলেও এর শিকড় অনেক গভীরে। অনেক প্রশ্ন, অনেক উপলব্ধি উঠে এসেছে নাচের সাথে যত সান্নিধ্য বেড়েছে। চেষ্টা করব এখানে সেইসব নিয়ে আলোচনা করতে।

"How they dance in the courtyard– sweet summer sweat.. Some dance to remember– some dance to forget." - *Aaron Fresh*

প্রথমেই যে বিষয় নিয়ে কথা বলব তা হল মাহারি বা দেবদাসী। এই প্রথা অনুযায়ী মেয়েদের দেবতার জন্য উৎসর্গ করা হত। তারা আজীবন দেবতাকে, এক্ষেত্রে জগন্নাথকে সেবা করতেন তার স্ত্রী হিসেবে। এটা জানার পর থেকেই নানা প্রশ্ন মাথায় আসতে থাকে। কারা এই মেয়েরা? কোন পরিবারের? তাদের কি এই প্রথায় আসায় সায় ছিল? একে কি প্রথা বলব না পেশা?এরা কি সবাই একসাথে থাকতেন? আমজনতার চোখে এদের কী স্থান ছিল? মেয়েদের যৌনতার স্বাধীনতাও অধিকার নিয়ে এখন আলোচনা হচ্ছে, খোলাখুলি কথা হচ্ছে, এইরকম একটা প্রথায় থেকে তাঁরা কতটা স্বাধীন ছিলেন?

যত পড়লাম, দেখলাম তাতে বুঝলাম ইতিহাসে এঁদের সেভাবে বিশদে ঠাঁই হয়নি। বলা হয় যে'নিচুজাত' এর পরিবার থেকে মেয়েদের গ্রহণ করা হত না মাহারি হিসেবে, এটা কতটা বিশ্বাস যোগ্য জানিনা! তাহলে কারা আসতেন? এটা না বললে হয়ত 'পবিত্রতা' রক্ষা করা যাবেনা। এইসব মেয়েরা বিয়ে করতে পারতেন না কিন্তু তাঁদের সঙ্গী থাকতে পারত। সঙ্গীর সাথে সম্পর্কে জন্মান সন্তানের ওপর দেবদাসীর অধিকার ছিল। তাঁরা সন্তান দত্তকও নিতে পারতেন। এতটা শুনে মনে হতেই পারে এই প্রথায় নারীরা বেশ স্বাবলম্বী ছিলেন কিন্তু এরপরে ও প্রশ্ন এঁদের কি সঙ্গী হিসেবে শুধুই পুরুষ থাকত? কেউ কি বিয়ে থেকে পালাতে এই প্রথায় চলে আসতেন? কেউ এই প্রথা থেকে বেরিয়ে আসতে চাইলে সেই সুযোগ ছিল কি? বেরিয়ে আসলে সমাজে তাঁর কি জায়গা হত? মন্দিরের পুরোহিতদের হাতে কতটা সুরক্ষিত ছিলেন তাঁরা? আচ্ছা যদি ধর্মের নিয়মে নারীর বিবাহের পর অন্য ব্যক্তির সাথে শারীরিক ও মানসিক সম্পর্ক অপরাধের চোখে দেখা হয় তাহলে সেই ধর্মের দেবতার'স্ত্রী'হয়ে অন্য সঙ্গী রাখায় আপত্তি নেই !! জানা যায়না! সমাজ তাঁদের নিয়ে বেশী চিন্তা করত না কারণ এই প্রথার নিয়ম-কানুন সর্বোপরি মন্দিরের পুরোহিতদের দ্বারা ঠিক হত। ধর্মের দোহাই দিয়ে, গরিব ও ক্ষমতাহীনকে শোষণ করার মাধ্যম সেই নারীর শরীর ও মন। মন্দিরের বন্ধ দরজার পেছনে আসলে কী ঘটত তা আর সেভাবে জানার উপায় নেই। না আছে সেই প্রাচীন শতকে তৈরি দেবদাসী প্রথা না আছেন দেবদাসীরা। আছে শুধু কিছু প্রশ্ন।

"Empty your mind– be formless. Shapeless– like water." – Bruce Lee

শরীরের ধারণাঃ নাচ এর ক্ষেত্রে মূলত শরীরের প্রাধান্য ও ব্যবহার বেশি। শরীরকে নানা ভাবে দেখান হয় যেমন মানুষ, পশু, প্রাকৃতিক উপাদান, বস্তু, বাদ্য যন্ত্র, আবেগ ও অনেক সময় বিমূর্ত।

শরীরের সেই পরিবর্তনের ক্ষমতা আছে। গল্প বলা আমাদের সংস্কৃতির অন্যতম বিশেষত্ব, নাচ তারই একটা মাধ্যম। নাচের মাধ্যমে সেই সুযোগ আছে যেখানে শরীর ও মন নিয়ে সময় ও স্থান নির্বিশেষে ইচ্ছেমত যাতায়াত করা যায়। ভাব প্রকাশ করতে হাতের মুদ্রা, মুখের ভঙ্গির সাহায্য নিই ফলে আমি যে পরিসরেই থাকি না কেন, আমার শরীরের অসীমতা এক জায়গাতে থেকেও ব্যাপ্তি পায়। শুধু এক জায়গায় সে আর সীমিত থাকে না।

শরীরের লিঙ্গ ঃ এবার আসি নাচ এ লিঙ্গের পরিচয় ও তার ওপর ভিত্তি করে গড়ে ওঠা কিছু নিয়মে। সাধারণত যিনি নাচ করছেন তার শরীর কোনো নির্দিষ্ট লিঙ্গ পরিচয়ের গণ্ডিতে থাকে না। প্রয়োজনে 'নারীসুলভ', 'পুরুষসুলভ' বা যখন যেমন রূপ, আকার দরকার। আমাদের সামাজিক ধারনা অনুযায়ী কিছু বৈশিষ্ট্য আগে থেকেই দেয়া আছে, পুরুষত্ব হল শক্তি, বুক ফুলিয়ে হাঁটবে, চেহারা বড় হবে আর অন্যদিকে নারীত্ব মানে নরম, ভীতু, আকারে ছোট ইত্যাদি। এখানে আমি নৃত্যশিল্পী হিসেবে কিছু যোগ করতে চাইব, কোনো পুরুষ কেন তার দুর্বলতা, কান্না প্রকাশ্যে দেখাতে পারবে না? সে সবার আগে তো মানুষ! কেন সে তার ভেতরের নরম সত্ত্বা সামনে আনবে না? কেন সে প্রয়োজনে তার কোমর ব্যবহার করবে না? সেও তো তার শরীরেরই অংশ। অথবা কেন কোন নারী তার পা ফাঁক করে দাঁড়াবে না? এক জায়গা থেকে অন্য জায়গায় লাফ দিয়ে যাবে না? আমরা দৈনন্দিন জীবনে যা করে থাকি তা নাচে করলে কি এমন নিয়ম বহির্ভূত হয়ে যায়? এই জোর করে চাপিয়ে দেওয়া নিয়মগুলো আসলে শিল্পের ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়ায়। আগে যেমন বলেছি আমাদের ভেতরে আসলে সবরকম সত্ত্বাই আসলে বাস করে, এবার সময় এসেছে সেগুলকে নিয়ে কথা বলার, চর্চা করার। প্রত্যেকের বহিঃপ্রকাশের ধরন আলাদা, কথা বলা আলাদা, এটা একান্তই ব্যক্তিগত যাত্রা; এই বিভিন্নতার সম্পূর্ণ অধিকার আছে সামনে আসার। কি নারীত্ব আর কিবা পুরুষত্ব সেটা হোক একান্তই নিজের। কারুর আগে থেকে ঠিক করে দেওয়া না।

অন্য আরেকটা দিক হল পোশাক। আমরা এটা ধরেই নিয়েছি যে পুরুষ শরীর মাত্রেই সে খালি গায়ে খুব স্বচ্ছন্দ বোধ করবে যেটাএকেবারেই ঠিক নয়। আমাব এমন অনেক 'পুরুষ'নৃত্যশিল্পীবন্ধু আছেন যারা এই ব্যবস্থা মেনে নিতে বাধ্য হয়েছেন। যাঁদের কাছে আর কোন উপায় নেই। তাঁরা নিজেদের যৌনতার পরিচয়ের কারণে খালি গায়ে অনেক লোকের সামনে যেতে একেবারেই স্বচ্ছন্দ বোধ করেননা।

আমাদেব একটু ভাবা দরকার। কি পদক্ষেপনেব? নিজের পছন্দকে কিভাবে গুরুত্ব দেব?

কুইয়ার কথা ঃ আমাদের শাস্ত্রীয় নৃত্য অনেক জায়গায় পুরাণ, মহাকাব্য, লোককথা, কবিতা ইত্যাদির ওপর ভিত্তি করে তৈরি হয়।ওই যে বলেছি, গল্প বলার একটা মাধ্যম। এই লেখাগুলো মূলত প্রেম, অনুরাগ, ভক্তি ভাব নিয়ে। এই গল্পের মূল চরিত্রে কিন্তু নারী-পুরুষের সম্পর্কের কথাই বলা থাকে, সেখানে কোন সমপ্রেম বা non-normative সম্পর্ক বা প্রেম নিয়ে গল্প নেই, যেন বা কোন অস্তিত্বই নেই। এদিকে আমাদের সংস্কৃতির একটা দারুন মজা হল অনেক জায়গায় পরিস্কার করে কিছু বলা থাকে না, আর আমরা সেটা নিয়ে নিজেরা কিছু ভাবার বদলে সেই চেনাজানা ধাঁচে ফেলে দিই।

আমি নিজে কাজ করার সময় রামায়ণ থেকে এমনি এক কাণ্ড খুঁজে বের করেছিলাম যা লিঙ্গ, যৌনতাকে অন্যভাবে দেখাবে, বোঝাবে, ভাবাবে। আসলে আমাদের খুব দূরে যেতে লাগেনা, একটু খুঁজলেই পাওয়া যায় এইসব গল্প, খুব চেনা জায়গা থেকেই আবার ইচ্ছে হলে বানিয়ে ও নেওয়া যায়। সিনেমা, থিয়েটার সহ নানা শিল্পে এই স্বাধীনতা আছে, নাচেও আছে কিন্তু আমরা শাস্ত্রীয় নৃত্যশিল্পীরা কেন জানিনা ভাবিনা এইদিকগুলো নিয়ে। অথচ কুইয়্যার মানুষ যে এইক্ষেত্রে ছিলেন না বা নেই তা নয়!

"The body says what words cannot." — *Martha Graham*

নাচ একটি আদিম ভাষা যেখানে কথা না বলে নিজেকে প্রকাশ করা যায়। আমাদের রোজকার জীবনে, নানা ক্ষেত্রে, না জেনে নানা ভঙ্গি আমরা করে থাকি বার্তা বদল করতে। ওড়িশি নাচ শুরুর পর থেকে অনেক বদলেছে, অনেক বদলাবেও ভবিষ্যতে। এই মাধ্যমেই আমি নিজেকে প্রকাশ করার ভাষা, এই জগতে টিঁকে থাকার উপায় খুঁজে পাই। একে জানার বা বোঝার কোন শেষ নেই। খুব ভালো লাগল সবার সাথে এতগুলো কথা, ভাবনা ভাগ করতে পেরে!

■ মনামি ওড়িশি নৃত্যশিল্পী। স্যাফোর সদস্য।

Haggled home

Ankana

The gushing wind resisted her flight,
Within the stuffed grave
overtly narrow;
Rested the ruffled sparrow.

In hopes of finding a home,
she negotiated with the dusty,
unkempt dome.

Days after days, one after the other,
Twigs, hays and everything untidy;
With myriad spirit carried she.

Thinking to herself
Back and forth,
Decisions were taken to make the numerous flights worth.

There existed an uncanny sense of equilibrium!
Betwixt her frequent roam,
Upon the enmeshed refuge;
She haggled her new home.

■ Ankana is an almost psychologist, a newbie tattooist and a fitness enthusiast. She is a lover of words and loves to put things into perspective for herself and others when need be.

আসন্ন কবিতার বই ‘সন্ধ্যাকালীন রন্ধনপ্রণালী’ থেকেঃ

ঈপ্সিতা হালদার

১১
মিথ্যাচার।
যখন উনুনের শিখা থেকে ফরফর উড়ে যায়
সামগ্রিক সত্য। ততখনে শুনি প্রাচীন আমবাগানের পারে
ও কাদের পদধ্বনি! নিষ্করুণ, হৃত ও অগোচর।

শৃঙ্গারের তীব্র অকথ্য অশনি ফিরে এল দুপুরের শেষ দিকে।
সেই অকথ্য ভরাট ওষ্ঠ ভুলে যেতে চাই এই পৌষের শেষদিকে।

এদিকে সন্ধ্যায় বন্যফলের স্ফীত মর্মরে সেই মর্মে আজ বৃষ্টি এল।
শীতে থরথর করে কেঁপে উঠল ছোট পশুগুলি আমাদের নিচু খোঁয়াড়ে।

নড়ে উঠল স্মৃতি, পিতলের ঘণ্টা, ওপরের কড়িকাঠ ভেঙে
ধ্বসে পড়ল ব্যক্তিগত বিগত বছরের আর্ত শীৎকারগুলি। বিশুদ্ধ অনাহত ধ্বনি।
সে কী প্রাবল্য তার।

আরও কত দূরে গেলে এই কামাতুর বৃংহণ ঝটিকা মেঘের সাথে
উড়ে চলে যাবে, আমি কান চেপে ধরে ভাবি সেই।

এদিকে প্রান্তরের দিকে শূন্য গ্রাম সব। কারা যেন অন্যদেশে
চলে গেছে কামলা খাটতে। অন্যদের ক্ষেতে।

এখনও তাদের উঠোনে মালসায় পূর্ব দিবসের আমানি দেখা যায়। আমি কি অইমত
অপেক্ষা করে আছি বল? আমি কি মাটির ওপরে জানু মুড়ে বসে আছি
ফিরে আসবে বলে প্রতিধ্বনি? সে কি রূপোর তার, বেড় দিয়ে নেবে
ভারি ও বাঁকানো কোমরের ঘের?

অথচ প্রতিধ্বনিমাত্র বলে পায়ের পাতায়
তৃষ্ণার্ত গোখুরার মত জড়িয়ে আছে প্রবঞ্চনা।
অথচ সে গহনা।

১২
অথচ হে আমার মূঢ় মন
দড়িতে জড়ানো চৌষট্টি ঘণ্টার মত কেন বেজে ওঠো
বার বার। যেন ওই অঘোর প্রদেশে দিগন্তের একটু নিচে
গৃহমুখি পশুদের গলা থেকে উচ্ছ্বিত হাহাকার ।
সেরকম রতিবোধ নিয়ে বসে থাকি। ওদিকে সন্ধ্যায়
মাটির উনুনে তাত ধরে আসে। রসুন ও জারক পাতার রসে হাড়গোড়
ফোটানোর গন্ধে ভিড় করে আসে অনাম্নী বুভুক্ষু পেয়ালেরা।
এই ত্রাস আমি লিখে রেখে যাবো
কত নম্বর পৃষ্ঠায়?

১৩
বিশ্বভুবন ছার খার হয়ে যাচ্ছে আমারই অবারিত তৃষ্ণায়
এই মুহূর্তে জ্ঞান কোথায়?
জলস্রোত পায়ে ঘুরে যায় যেন বা নুপুর
অস্ফোট ধ্বনি তার ওই মুঠো করে ছুঁড়ে দেয় ক্রূর
ও মহতী আখ্যান। শৃঙ্গারের। যা ভাণ। যা একমুখে বলা আমারই প্রগলভ
ইচ্ছাগুলি। যা ছুঁড়ে ফেলে দেবে আট বা দশখানা রূপকের থেকে।
তবেই আমিও নাছোড় জুয়াড়ির মত ফের ওই একই প্রতীকে
একই উপমায় ফিরে ফিরে আসি। দেখি, আজও সেই
ঘাটে বসে আগুন জ্বেলেছে কারা। পরস্পর আলম্ব করে আগুন উঠেছে
কাঠে। মুখোমুখি বসে আছে তারা। মূক, স্তব্ধ।

শুধু কট কট করে মাঝে মধ্যে ফেটে যাচ্ছে অস্থিগিঁট ও কাম।
উড়ে যাচ্ছে ভীত পতঙ্গের পাল।
সেইখানে আখ্যান তত দূর। সেখানে একটি পতঙ্গ
পথ ভুল করে এই দিকে চলে এল।
সে নিয়ে যদিও প্রশ্ন উঠবে ফের, উঠবে সংশয়।

১৪
আমি অবিকল ঠোঁটের নিচেকার
এক খানি পতঙ্গের কথা ভাবি।
মালসার ভাঙে কালো ছাইয়ের মত যেন পড়ে
আছে তার নিষ্করুণ অর্থ গুলি।
এক কালে অগ্নি ছিল। অথবা বাকলে বাঁধা ছিল অগ্নিরূপ সোম।

তার তীব্র ধার সমস্ত হাড়মাস
কন্দমূল কেটেছে রান্নার আগে। কড়াইয়ের লোহা গুঁড়ো গুঁড়ো
মন্ত্রের মত গলন্ত চর্বিতে মিশে গেছে।

সন্ধ্যার কিয়দংশ পরে গুম্ফায় ঘণ্টা বাজা শেষ হলে
কাঠের মেঝেতে একখানা বাটি করে সেই খাদ্য
রেখে গেছে কে?

—
তা স্পর্শ করতে মানা। মুখে দিতে মানা।

১৫
পুরনো ভাঙা গুম্ফার জানলা দিয়ে
দেখছি চাঁদ উঠছে।
এদিকে ২১ টি তারার মূর্তির মধ্যে কোনটি তুমি
ভাবি সেই। কার কটিদেশে ডাং ডাং বেজে যাচ্ছে
করতাল? সেখানে কান পাতলে পাতালের দিকে নেমে যায় স্বর।

কতক্ষণ জানি চায়ের দোকানে তুত্তারে তারে করে
বাজাচ্ছে ধাতুর কেতলি, কাঠের আগুনে

কেন শব্দ একমাত্রিক করে রাখো তুমি?
মুক্তি দাও। আমার ভয় অষ্টক দ্বিধা চতুঃষ্টক
